



10 মে, 2022

প্রিয় পরিবারবর্গ,

আমরা আনন্দের সাথে ঘোষণা দিচ্ছি যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE), প্রম এবং এধরণের বছর শেষে একবার আয়োজিত নাচের অনুষ্ঠানে টিকাদান বা ভ্যাকসিনেশন স্ট্যাটাস যাই হোক না কেন, শিক্ষার্থীদের অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। এই সিদ্ধান্তটি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর পথনির্দেশনার উপর ভিত্তি করে নেয়া হয়েছে - এই প্রম এবং এধরণের বছর শেষে একবার আয়োজিত নাচের অনুষ্ঠানে উচ্চ ঝুঁকিপূর্ণ পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন গ্রহণের আবশ্যিকতা সংক্রান্ত হেলথ কমিশনারের আদেশের এজিয়ারভুক্ত নয়।

DOE এখন সকল শিক্ষার্থীদের চারটি কোভিড-19 (COVID-19) হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষার সরঞ্জাম) প্রদান করছে, এবং আমরা জোর সুপারিশ করছি যে আপনার সন্তান ডায়স বা প্রম-এর 24 ঘন্টা আগে যেন একটি টেস্ট নেয় এবং অনুষ্ঠানটির পাঁচ দিন পর যেন দ্বিতীয় টেস্টটি নেয়। যদি আপনার সন্তান ডায়স কিংবা প্রম-এ অংশগ্রহণ করার পরের দিনগুলোতে কোভিড-19 (COVID-19)-এর উপসর্গগুলো লক্ষ্য করে, তবে অনুগ্রহ করে অতিসত্বুর আপনার সন্তানকে একটি হোম টেস্ট নিতে সহায়তা করুন। এছাড়াও আমরা জোর সুপারিশ করছি যে একটি বাড়তি সুরক্ষার স্তর হিসেবে শিক্ষার্থী ও স্টাফগণ যেন অনুষ্ঠানে একটি উচ্চ-মানসম্পন্ন N95 অথবা KN95 মাস্ক পরিধান করে।

অতিরিক্তভাবে, যেকোনো ডায়স অথবা প্রম-এ অংশগ্রহণ করতে হলে দৈনিক সুস্থতা যাচাই বা ডেইলি হেলথ ফর্মটি পূরণ করতে হবে, যা healthscreening.schools.nyc.gov -সাইটে পাওয়া যাবে। যেসব অনুষ্ঠান স্কুল ভবনে অনুষ্ঠিত হবে, সেগুলোতে সকল শেপেরনকে এখনও টিকাদান বা ভ্যাকসিনেশনের প্রমাণ প্রদর্শন করতে হবে। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে যদি কোনও প্রম এবং বছর শেষে একবার আয়োজিত নাচের অনুষ্ঠানটি স্কুলের বাহিরে অন্যত্র (ভেন্যু) আয়োজিত হয়, তবে অংশগ্রহণকারীদের অবশ্যই ঐ ভেন্যুর কোভিড-19 (COVID-19) সংক্রান্ত স্বাস্থ্য ও সুরক্ষার শর্তাবলী অনুসরণ করতে হবে, এতে অন্তর্ভুক্ত আবশ্যিক হলে টিকাদান বা ভ্যাকসিনেশনের প্রমাণ প্রদর্শন।

স্মরণ করিয়ে দিচ্ছি, কোভিড-19 (COVID-19) রোধে এবং আমাদের স্কুলগুলোকে আমাদের সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ রাখার সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার হলো টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন। 5 এবং এরচেয়ে বেশি বয়সী ছেলেমেয়েরা কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য। যদি আপনার সন্তান কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য হয়ে থাকে কিন্তু এখনও টিকা বা ভ্যাকসিন গ্রহণ করেনি, তবে অনুগ্রহ করে vaccinefinder.nyc.gov ওয়েবসাইটে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন অথবা 311 নম্বরে ফোন করে আপনার নিকটবর্তী টিকাকেন্দ্রটি (ভ্যাকসিন সাইট) খুঁজে নিন। অভিবাসন অথবা স্বাস্থ্য বিমার অবস্থা বা স্ট্যাটাস যাই হোক না কেন, সকল নিউ ইয়র্কবাসীকে এই টিকা বা ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হবে।

পুরোপুরি ভ্যাকসিন বা টিকা প্রাপ্ত 12 এবং এরচেয়ে বেশি বয়সী, যারা কমপক্ষে পাঁচ মাসে আগে দুই ডোজ-এর ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ গ্রহণ করেছেন, তাদের জন্য এখন ভ্যাকসিন বুস্টার শট পাওয়া যাচ্ছে। বুস্টার শট সম্পর্কে আরও তথ্যের জন্য www1.nyc.gov/site/doh/covid/covid-19vaccines.page#boost দেখুন।

আপনাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য ধন্যবাদ।

Dr. Cristina Meléndez

ড. ক্রিস্টিনা মেলেন্দেজ (Cristina Meléndez)

এক্সিকিউটিভ ডিরেক্টর

ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট

To view a copy of this document in your language, visit schools.nyc.gov/messagesforfamilies

| | | |
|---|--|--|
| للإطلاع على نسخة مترجمة من هذه الوثيقة، يرجى زيارة الرابط schools.nyc.gov/messagesforfamilies | এই ডকুমেন্টের অনুবাদকৃত সংস্করণটি দেখতে, schools.nyc.gov/messagesforfamilies ভিজিট করুন | 如要查看本文件的中文譯本，請上網到 schools.nyc.gov/messagesforfamilies |
| Pour voir une version traduite de ce document, allez sur schools.nyc.gov/messagesforfamilies | Pou wè yon vèsyon dokiman sa a nan lòt lang, ale nan schools.nyc.gov/messagesforfamilies | 이 문서의 번역본은 schools.nyc.gov/messagesforfamilies 에 있습니다. |
| Перевод документа находится по адресу: schools.nyc.gov/messagesforfamilies | Para ver una versión traducida de este documento, visite schools.nyc.gov/messagesforfamilies | اس دستاویز کی ترجمہ شدہ اشاعت دیکھنے کے لیے ذیل پر جائیں schools.nyc.gov/messagesforfamilies |